

বিজ্ঞপ্তি

নং- ৮০.১১১.০১১.০০.০০.০০৫.২০১৫- ৫৫

তারিখ : ২০ এপ্রিল, ২০১৭

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র স্টাফ নার্স/নার্স (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) - ০১ টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বিপিএসসি ফরম-৩ জমা দেওয়া প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র স্টাফ নার্স/নার্স (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)- ০১ টি শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য গত ২০.০২.২০১৭ তারিখে ২৪ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনলাইনে জারি করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনপত্র রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ অত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক ২০.০২.২০১৭ তারিখের ২৪ নং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার/প্রশিক্ষণ সনদ, প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত (সিল স্বাক্ষরিত) ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৩ এপ্রিল ২০১৭ থেকে ৩০ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা থেকে ৪.০০ টার মধ্যে ইউনিট -১১ তে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। তবে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ (প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ) অত্র কমিশনে পৌছাতে ব্যর্থ হলে প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না অর্থাৎ তাঁর প্রার্থীতা বাতিল হবে।

৪। প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

**** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রকৃতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

১৭/০৪/২০১৭